

রেজিস্ট্রারের কার্যালয়  
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল  
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০  
[www.bnmc.gov.bd](http://www.bnmc.gov.bd)

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৭/২০২০/৬১


তারিখ: ২১ জানুয়ারি ২০২০খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

**বিষয়: "মুজিব শতবর্ষ" উদযাপন উপলক্ষে সুভিনয়ের প্রকাশনার জন্য নার্স/ মিডওয়াইফগণ কর্তৃক রচিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রসঙ্গোচিত লেখা আহ্বান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, "মুজিব শতবর্ষ" উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রসঙ্গোচিত সুভিনয়ের প্রকাশ করতে যাচ্ছে। উক্ত প্রকাশনার কাজকে সুন্দর ও সমৃদ্ধ করার জন্য দেশের নার্স মিডওয়াইফ, সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীদের নিকট হতে বঙ্গবন্ধুকে নিয়ে লেখা অনুপ্রেরণা মূলক স্বরচিত প্রবন্ধ, গল্প, কবিতা, ছড়া ইত্যাদি প্রেরণের আহ্বান করা হল।

উল্লেখ্য যে, আগ্রহী প্রতিষ্ঠান, বিভাগ এবং ব্যক্তিকে আগামী ১৩-০২-২০২০ইং তারিখের মধ্যে পূর্ণাঙ্গ লেখা, লেখকের নাম, পরিচয় ও মোবাইল নম্বরসহ [infobnmc15@gmail.com](mailto:infobnmc15@gmail.com) ইমেলে অথবা নিম্ন ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

  
২১/০১/২০২০

(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

ফোনঃ ৯৫৬১১১৬

ই-মেইলঃ [info@bnmc.gov.bd](mailto:info@bnmc.gov.bd)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
- ২। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
- ৩। অধ্যক্ষ / ইনচার্জ, ----- নার্সিং কলেজ / নার্সিং ইনস্টিটিউট
- ৪। নার্সিং সুপারভাইজার, -----মেডিকেল কলেজ হাসপাতাল।
- ৫। সেবা তত্ত্বাবধায়ক ----- জেনারেল / সদর / আধুনিক হাসপাতাল।
- ৬। শিক্ষক/শিক্ষিকা----- নার্সিং কলেজ / নার্সিং ইনস্টিটিউট।
- ৭। নার্স/মিডওয়াইফ-----
- ৮। নার্সিং/মিডওয়াইফারি শিক্ষার্থী-----
- ৯। জনাব/বেগম -----